

এসএসসি পরীক্ষায়
বাড়তি অর্থ আদায়
জাসদ ছাত্রলীগের
বিক্ষোভ শেরপুরে

শেরপুর প্রতিনিধি ড

এসএসসি পরীক্ষায় ফরম পূরণে
অতিরিক্ত অর্থ আদায় ও শিক্ষা
সংকোচন নীতির প্রতিবাদে শেরপুরে
বিক্ষোভ সমাবেশ করেছে জাসদ
সমর্থিত বাংলাদেশ ছাত্রলীগ। গতকাল
রবিবার বিকেলে শহরের ডিসি গেট
চত্বরে অনুষ্ঠিত এ সমাবেশে ছাত্রলীগ-ও
জাসদ নেতারা ছাড়াও শিক্ষার্থী ও
অভিভাবকরা অংশ নেয়।
বাংলাদেশ ছাত্রলীগের শেরপুর জেলা
সভাপতি রফিকুল ইসলাম মান্নানের
সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য
দেন কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ
সম্পাদক মো. শাহজাহান আলী সাদু,
সহসভাপতি জ্যোতির্বিকাশ দত্ত, জেলা
জাসদের সভাপতি মনিরুল ইসলাম
দিটন, সাবেক ছাত্রনেতা এ কে এম
ছামেদুল হক, লাল মোহাম্মদ
শাহজাহান কিবরিয়া, জেলা ছাত্রলীগের
সেক্রেটারি আরিফুল হক নিশান প্রমুখ।
বক্তারা উদ্বেগ প্রকাশ করে বলেন, শিক্ষা
মৌলিক অধিকার হলেও এটি এখন
দুটেরা শ্রেণির হাতে জিম্মি হয়ে পড়েছে।